দৈনিক ইত্তেফাক

তারিখ 25 AUG 1987
পৃষ্ঠা 3 কলাম 1

037

## পরীক্ষকদের বিপদ

পাবনা, ২৫শে আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)—পরীক্ষার খাতার সন্ধান জানার চ্যালেঞ্জ দিয়া রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চলতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের পক্ষে কিছু যুবক পরীক্ষকদের বাড়িতে আসিয়া সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের পাস করাইয়া দিবার দাবী জানাইয়াছে। ফলে পাবনা জেলার পরীক্ষকেরা এবার নয়া সমস্যায় পড়িয়াছেন।

পরিচয় প্রকাশে অনিচ্ছুক কয়েকজন পরীক্ষক জানান, ঐ যুবকদের তাহারা সংশ্লিষ্ট খাতাগুলি তাহাদের নিকট নাই বলিয়া ফিরাইয়া দিবার চেষ্টা করিলে যুবকগণ জানায়, কাহাদের নিকট কোন কলেজের কোন উত্তরপত্র আছে তাহা সঠিকভাবে জানিয়াই তাহারা আসিয়াছে। সুতরাং অস্বীকার করিয়া লাভ নাই। সন্দেহ করা হইতেছে, বোর্ড হইতে এই 'অতি গোপনীয়' তথ্যও অসৎ কর্মচারীদের সহায়তায় বাহির করা হইয়াছে।